

হাসপাতালের নিয়ম-কানুন

মানসিক স্বাস্থ্য আইন ২০১৮ অনুসারে কোন দর্শনার্থীর হাসপাতাল অভ্যন্তরে প্রবেশ নিষিদ্ধ। হাসপাতালে প্রবেশ আইনত দণ্ডনীয় অপরাধ। কেউ প্রবেশ করলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

প্রতারণা হতে সাবধান

বহির্বিভাগ টিকেট মূল্য ১০ টাকা

ভর্তি রোগীর জন্য

সাধারণ বেডঃ ভর্তির টিকেট মূল্য – ১৫ টাকা; রোগী কল্যাণ তহবিল – ২০০ টাকা; মসজিদ উন্নয়ন তহবিল (প্রযোজ্য ক্ষেত্রে) – ১০০ টাকা; জামানতের টাকা (ছুটির সময় ফেরত দেয়া হবে) – জেলার উপর নির্ভর করে ১২০০ থেকে ৬৮০০ টাকা পর্যন্ত

পেয়িং বেডের ক্ষেত্রে সরকার নির্ধারিত হারে উপরে উল্লেখিত টাকার পরে অতিরিক্ত প্রতিদিন ৩২৫ টাকা করে নেয়া হয়। একমাসের টাকা, ৯৭৫০ টাকা একবারে নেয়া হয়।

এই টাকা ব্যতীত কোন টাকা রোগী ভর্তির সময় নেয়া হয় না। কোন দালালকে রোগী ভর্তির জন্য টাকা দিবেন না। রোগী ভর্তি করেন ডাক্তাররা, তারা দালালের কথায় রোগী ভর্তি করেন না। রোগী ভর্তির জন্য কোন অনুরোধ, চিঠি, সুপারিশ প্রয়োজন নেই। আমাদের পর্যাপ্ত বেড রয়েছে। ডাক্তাররা রোগী ভর্তির উপযোগী মনে করলে কোন প্রকার অনুরোধ, চিঠি, সুপারিশ ছাড়াই রোগী ভর্তি দিবেন।

আমরা সরকারি কর্মচারী। আপনাদের সেবা দেয়ার জন্যই সরকার আমাদের নিয়োগ দিয়েছেন। আমাদের উপর আস্থা রাখুন। যেকোন প্রয়োজনে সরাসরি ডাক্তারের সাথে কথা বলুন।